



স্মারক নং-০৫.৫৫.২৭৪৩.০০০.৩৭.০০২.২৩- ২৬০

তারিখঃ ৩০/০১/২০২৩ খ্রিস্টাব্দ।

১৪৩০ বাংলা সনের জন্য হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা আশ্রয়ী সর্বসাধারণ/ব্যবসায়ীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঘোড়াঘাট উপজেলাধীন নিম্নে উল্লিখিত হাট-বাজার সমূহ বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের জন্য অস্থায়ী ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নে বর্ণিত সিডিউল ও শর্ত সাপেক্ষে সীলমোহর যুক্ত পৃথক পৃথক খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সমূহ নিম্নে ক্যালেন্ডারে বর্ণিত সময়সূচী অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর, পুলিশ সুপার, দিনাজপুর এঁর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), ঘোড়াঘাট, দিনাজপুর এবং নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাস্তবে গ্রহণ করা হবে এবং ঐ দিন বিকাল ০৪.৩০ ঘটিকার সময়ে দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে। দরপত্রের সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর, সহকারী কমিশনার (ভূমি), ঘোড়াঘাট, ঘোড়াঘাট থানা ও সোনালী ব্যাংক লিঃ, ওসমানপুর শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। ক্যালেন্ডারে বর্ণিত যে তারিখে দরপত্র দাখিলের জন্য সিডিউল ক্রয় করা হবে পরবর্তী তারিখের জন্য ঐ সিডিউল ব্যবহার করা যাবে না।

হাট-বাজারের তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	হাট-বাজারের নাম	ইজারার জন্য সরকারি মূল্য (ধর্তব্যমূল্য)	সিডিউলের মূল্য	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১।	বুলাকিপুর	১। হরিপাড়া হাট-বাজার ২। বলগাড়া হাট-বাজার	৪৮,৩০১/- ৬,৮৩,৫২৩/-	৫০০/- ২,০০০/-	
২।	পালশা	৩। ডুগডুগী হাট-বাজার ৪। গোপালপুর হাট-বাজার	১৭,০৮,৯৬৭/- ৩৯,২৫৮/-	৪,২০০/- ৫০০/-	
৩।	সিংড়া	৫। রাণীগঞ্জ হাট-বাজার ৬। চাঁদপাড়া হাট-বাজার	২,১৬,০৭,০৪০/- ৫৩,১৭৭/-	৪৪,০০০/- ৫০০/-	
৪।	ঘোড়াঘাট	৭। বলাহার হাট-বাজার	৩,২৮,৪২৩/-	১,৪০০/-	

দরপত্র দাখিলের সময়সূচী (ক্যালেন্ডার)

বিবরণ	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ	দরপত্র দাখিলের সময়	
			সকাল ১০.০০ টা হইতে বেলা ০১.৩০ টা পর্যন্ত	দরপত্র বাস্তব খোলার সময় বিকাল ০৪.৩০ টায়
১ম বার	১৯/০২/২০২৩	২০/০২/২০২৩	ঐ	ঐ
২য় বার	২৭/০২/২০২৩	২৮/০২/২০২৩	ঐ	ঐ
৩য় বার	০৬/০৩/২০২৩	০৭/০৩/২০২৩	ঐ	ঐ
৪র্থ বার	১৩/০৩/২০২৩	১৪/০৩/২০২৩	ঐ	ঐ
৫ম বার	২০/০৩/২০২৩	২১/০৩/২০২৩	ঐ	ঐ
৬ষ্ঠ বার	২৮/০৩/২০২৩	২৯/০৩/২০২৩	ঐ	ঐ
৭ম বার	০৪/০৪/২০২৩	০৫/০৪/২০২৩	ঐ	ঐ

-চলমান পাতা-